চুয়াডাঙ্গায় বাংলা নববর্ষ উপলক্ষে মঙ্গল শোভাযাত্রা

চুয়াডাঙ্গায় মঙ্গল শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণের মধ্যদিয়ে বর্ণাঢ্য আয়োজনে চুয়াডাঙ্গায় পালিত হলো বাংলা নববর্ষ-১৪৩০ উৎসব।

শুক্রবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়ের খেলার মাঠ থেকে বর্ণাঢ্য র্যালি ও মঙ্গল শোভাযাত্রা বাহির হয়। র্যালিটি চুয়াডাঙ্গা জেলা বিভিন্ন স্থানে প্রদক্ষিণ করে চুয়াডাঙ্গা সরকারি কলেজে এসে শেষ হয়। মঙ্গল শোভাযাত্রা শেষে চুয়াডাঙ্গা সরকারি কলেজ প্রাঙ্গণে সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উক্ত অনুষ্ঠানে চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম সাইফুর রশিদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসন মোহাম্মদ আমিনুল ইসলাম খান। এ সময় তিনি বলেন বাঙালি জাতির ঐতিহ্য, কৃষ্টি ও সংস্কৃতির সাথে নিবিড়ভাবে জড়িয়ে আছে বাংলা নববর্ষ উৎসব। পহেলা বৈশাখ-১৪৩০ বঙ্গাব্দ। বাংলা বর্ষপঞ্জিতে যোগ হলো নতুন বছর। পুরাতন বছরের ব্যর্থতা মুছে ফেলে, নববর্ষ এলো সাফল্যের দ্বার খুলে সবাইকে জানাই বাংলা নতুন বছরের শুভেচ্ছা! শুভ নববর্ষ-১৪৩০।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আবদুল্লাহ্ আল-মামুন। এছাড়াও উক্ত আয়োজনে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ আজিজুর রহমান, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহাফুজুর রহমান মঞ্জু, বীর মুক্তিযোদ্ধা মোঃ নুরুল ইসলাম মালিক, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান সহ চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ সহ বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও শ্রেণি-পেশার গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষকমণ্ডলী ও শিক্ষার্থীবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিকস মিডিয়ার সাংবাদিকবৃন্দ।